বিশ্বমানের জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

...

| | |
|---|---|
| সভাপতি | মুহাম্মদ ইয়ামিন চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ২০ সেপ্টেম্বর ২০২০, রবিবার |
| সভার সময় | সকাল: ১১.০০ ঘটিকায়। |
| স্থান | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট ক |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে মুজিববর্ষের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব মোঃ রফিকুল ইসলাম, উপসচিব সভায় জানান যে, গত ০৩ সেপ্টেম্বর, ২০২০ তারিখ ‘জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটি’র একটি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে এ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচী বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং কয়েকটি বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে এ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচী বাস্তবায়ন অগ্রগতি এবং বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রম অদ্যকার সভায় উপস্থাপন করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

| ক্র: নং | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ০১ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (SID) ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) এর ওয়েব পোর্টালে “বঙ্গবন্ধু কর্নার” স্থাপন। | ওয়েব পোর্টালে “বঙ্গবন্ধু কর্নার” স্থাপন সংক্রান্ত উপকমিটির সদস্য সচিব জনাব মোঃ সেলিম সরকার, উপপরিচালক, বিবিএস সভায় জানান যে, বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার সাথে যোগাযোগ করে জাতির পিতার দূর্লভ ছবি ও তথ্য সংগ্রহ করে ওয়েব পোর্টালে বঙ্গবন্ধু কর্ণারে অন্তর্ভুক্ত করা হয়েছে। ১৭ মার্চ, ২০২০ তারিখ ওয়েব পোর্টালে “বঙ্গবন্ধু কর্নার” সকলের জন্য উম্মোচন করা হয়। সভাপতি বলেন যে, জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানের স্থির চিত্র , ভিডিও ফুটেজ, পরিসংখ্যান সংশ্লিষ্ট তথ্য উপাত্ত ইত্যাদি প্রদর্শনের জন্য একটি মেন্যু রাখা যেতে পারে। তিনি নতুন নতুন বিষয় অন্তর্ভূক্ত করে ওয়েব পোর্টালে স্থাপিত ‘বঙ্গবন্ধু কর্নার’ এর কন্টেন্টগুলো হালনাগাদ (up to date) করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | (০১) ওয়েব পোর্টালে স্থাপিত ‘বঙ্গবন্ধু কর্নার’ এ সন্নিবেশিত কন্টেন্টগুলো হালনাগাদ (up to date) করার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(০২) জাতির পিতার জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানের স্থির চিত্র, ভিডিও ফুটেজ, পরিসংখ্যান সংশ্লিষ্ট তথ্য উপাত্ত ইত্যাদি প্রদর্শনের জন্য একটি মেন্যু স্থাপন করতে হবে। | (১) মহাপরিচালক, বিবিএস (২) আহবায়ক/সদস্যসচিব, জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটি |
| ০ | পরিসং | জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটির সদস্য সচিব জনাব মোঃ | ০১। “বঙ্গবন্ধু | (১ |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | খ্যান ভবনের ৪র্থ তলার উম্মুক্ত ছাদে “বঙ্গবন্ধু মেমোরিয়াল” স্থাপন | দিলদার হোসেন, উপসচিব সভায় জানান যে, ‘বঙ্গবন্ধু মেমোরিয়াল’ এর নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এর নির্মাণ কাজের ত্রুটি বিচ্যুতি দ্রুত সংস্কারের ব্যবস্থা গ্রহণের জন্য বাস্তবায়ন কমিটির সভায় এফএ অ্যান্ড এমআইএস উইং, বিবিএস এর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। এটি রক্ষণাবেক্ষণের জন্য একজন সহকারী সচিব অথবা কমপক্ষে একজন দ্বিতীয় শ্রেণির কর্মকর্তাকে দায়িত্ব প্রদান এবং এর উদ্বোধনের বিষয়ে বাস্তবায়ন কমিটির সভার সিদ্ধান্ত তিনি সভায় উপস্থাপন করেন। সভাপতি বলেন যে, “বঙ্গবন্ধু মেমোরিয়াল” নির্মান কাজে ত্রুটি বিচ্যুতি তদন্ত করার জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির রির্পোর্ট পাওয়ার পর ত্রুটি বিচ্যুতি সংশোধন স্বাপেক্ষে উদ্বোধনের বিষয়ে বিবেচনা করা হবে। তিনি তদন্ত কমিটিকে দ্রুত তদন্ত কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, “বঙ্গবন্ধু মেমোরিয়াল” এর রক্ষণাবেক্ষনের অনেক শৈথিল্য রয়েছে। অনেক লোকজনকে মেমোরিয়াল এলাকায় ঘোরাফেরা করতে দেখা যায়। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, বিবিএসকে অনুরোধ করেন। | মেমোরিয়াল” নির্মান কাজে ত্রুটি বিচ্যুতি তদন্তের জন্য গঠিত কমিটি দ্রুত তদন্ত কাজ সম্পন্ন করবে। ০২। মেমোরিয়ালের রক্ষণাবেক্ষনের জন্য উপযুক্ত কর্মকর্তা/ কর্মচারীগণকে দায়িত্ব প্রদান করতে হবে। মহাপরিচালক, বিবিএস প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ) অতিরিক্ত সচিব (উন্নয়ন) (২) মহাপরিচালক, বিবিএস (৩) আহবায়ক/সদস্য সচিব, জন্মশত |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | বার্ষিকী বাস্তবায়ন কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | পরিসংখ্যান ভবনের সম্মুখে ডিজিটাল ডিসপ্লে স্থাপন। | ডিজিটাল ডিসপ্লে বাস্তবায়ন উপকমিটির সদস্য সচিব চন্দ্র শেখর রায়, সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার সভায় জানান যে, মার্চ, ২০২০ মাসের ১ম সপ্তাহে ডিজিটাল ডিসপ্লে স্থাপনের কাজ সম্পন্ন হয় এবং ১৭ মার্চ,২০২০ তারিখ এটি উদ্বোধন করা হয়। বর্তমানে এটি সচল রয়েছে এবং বঙ্গবন্ধুর ওপর নির্মিত অডিও ভিজ্যুয়াল,স্থির চিত্র, ডকুমেন্টারি ইত্যাদি প্রদর্শন করা হয়। | (১) বঙ্গবন্ধুর ওপর নির্মিত অডিও ভিজ্যুয়াল, স্থির চিত্র, ডকুমেন্টারি, বিবিএস এর বিভিন্ন প্রকাশনা ও অন্যান্য পরিসংখ্যান সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত ইত্যাদি নিয়মিত প্রদর্শন করতে হবে। | (১) মহাপরিচালক, বিবিএস (২) আহবায়ক/সদস্য সচিব, জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মভিত্তিক তথ্য চিত্র নির্মাণ। | জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটির সদস্য সচিব জনাব মোঃ দিলদার হোসেন, উপসচিব সভায় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মভিত্তিক তথ্য চিত্র নির্মাণ করে মার্চ,২০২০ মাসের ১ম সপ্তাহে পরিসংখ্যান ভবনের সম্মুখে ডিজিটাল ডিসপ্লে স্থাপন এবং প্রদর্শন উপকমিটির নিকট সরবরাহ করা হয়। ১৭ মার্চ,২০২০ তারিখ থেকে এটি ডিজিটাল ডিসপ্লেতে প্রদর্শন কার্যক্রম শুরু করা হয়। | (০১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মভিত্তিক নির্মিত তথ্য চিত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং ‘মুজিববর্ষ’ ব্যাপি এটি নিয়মিত ডিজিটাল ডিসপ্লেতে প্রদর্শন করতে হবে। | (১) মহাপরিচালক, বিবিএস (২) আহবায়ক/সদস্য সচিব, জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটি |
| ০৫ | স্বাধীনতা পূর্ববর্তী | জনাব মোঃ রফিকুল ইসলাম, যুগ্মপরিচালক, বিবিএস সভায় জানান যে, জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে ‘বঙ্গবন্ধু ও জাতীয় পরিসংখ্যান সংস্থা’ শিরোনামে একটি | ০১। জাতির পিতার জন্মশতবার্ষিকী | (১) আ |

| | | | | |
|---|---|---|---|---|
| | ও পরবর্তী এবং বর্তমান সময়ে দেশের আর্থ-সামাজিক অবস্থানের তুলনামূলক পরিসংখ্যান মুদ্রণ | প্রকাশনা প্রস্তুত করা হয় এবং ১৭ মার্চ, ২০২০ তারিখ আনুষ্ঠানিকভাবে এটির মোড়ক উম্মোচন করা হয়। বঙ্গভবন, প্রধানমন্ত্রীর কার্যালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থায় এর কপি প্রেরণ করা হয়েছে। সভাপতি বলেন যে, প্রকাশনাটি তথ্য সমৃদ্ধ এবং মানসম্মত হয়েছে। এটি বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং শিক্ষাপ্রতিষ্ঠানে পরিসংখ্যান সংশ্লিষ্ট গবেষণা কাজে ব্যবহৃত হতে পারে। তিনি সকল বিশ্ববিদ্যালয় এবং যেসকল শিক্ষাপ্রতিষ্ঠানে পরিসংখ্যান সংশ্লিষ্ট বিষয়ে পাঠদান করা হয় তাদের নিকট প্রকাশনাটি পৌছানো দরকার মর্মে অভিমত ব্যক্ত করেন। তিনি আরও বলেন যে, প্রকাশনাটির উপর ভিত্তি করে স্বল্প কলেবরে জাতির পিতার জীবন ও কর্মভিত্তিক এবং পরিসংখ্যান বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রতিষ্ঠায় তাঁর অবদানের উপর ‘মুজিববর্ষে’ আরও একটি সংকলন/স্মরণিকা প্রকাশ করা যেতে পারে।<br>(এ কার্যক্রমটি বিশেষ কর্মসূচী (জাতীয়) হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সমন্বিত কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে)। | উদ্‌যাপন উপলক্ষ্যে ‘বঙ্গবন্ধু ও জাতীয় পরিসংখ্যান সংস্থা’ শিরোনামে প্রস্তুতকৃত প্রকাশনাটি বিভিন্ন বিশ্ববিদ্যালয় এবং যেসকল শিক্ষাপ্রতিষ্ঠানে পরিসংখ্যান সংশ্লিষ্ট বিষয়ে পাঠদান/ গবেষণা করা হয় তাদের নিকট পৌছাতে হবে।<br>০২। ‘বঙ্গবন্ধু ও জাতীয় পরিসংখ্যান সংস্থা’ শিরোনামে প্রস্তুতকৃত প্রকাশনাটির ওপর ভিত্তি করে স্বল্প কলেবরে জাতির পিতার জীবন ও কর্মভিত্তিক এবং পরিসংখ্যান বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রতিষ্ঠায় তাঁর অবদানের উপর ‘মুজিববর্ষে’ আরও একটি সংকলন/ স্মরণিকা প্রকাশ করার উদ্যোগ নিতে হবে। | হবায়ক/ সদস্যসচিব, জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | বঙ্গবন্ধু শেখ মুজিব কর্তৃক পরিসংখ্যান বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো গঠন এবং এ দুটি প্রতিষ্ঠানের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ সম্পর্কে ডকুমেন্টারি তৈরি | ‘স্বাধীনতা পূর্ববর্তী ও পরবর্তী এবং বর্তমান সময়ে দেশের আর্থ-সামাজিক অবস্থানের তুলনামূলক পরিসংখ্যান প্রস্তুত উপকমিটি’ কর্তৃক প্রণীত প্রকাশনাকে ভিত্তি ধরে একটি ডকুমেন্টারি প্রস্তুত করা হয়েছে। ১৭ মার্চ,২০২০ তারিখ এটি প্রদর্শনের জন্য উন্মুক্ত করা হয়েছে এবং এর কপি জাতীয় কমিটির নিকট প্রেরণ করা হয়েছে।<br>(এ কার্যক্রমটি বিশেষ কর্মসূচী (জাতীয়) হিসেবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সমন্বিত কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে)। | (১) ডকুমেন্টারিটি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।<br>(২) ‘মুজিববর্ষ’ ব্যাপি এসআইডি ও বিবিএস এবং মাঠ পর্যায়ে দপ্তরসমূহ কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে এটি সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) মহাপরিচালক, বিবিএস (২) আহবায়ক/সদস্যসচিব, জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | ০২ জানুয়ারি ২০২১ কে জনশুমারি ও গৃহগণনার রেফারেন্স তারিখ হিসেবে ধার্য করে শুমারি পরিচালনা। | জনাব মোঃ জাহিদুল হক সরদার, পরিচালক (যুগ্মসচিব), সেন্সাস উইং, বিবিএস সভায় জানান যে, জনশুমারি ও গৃহগণনার কাউন্টডাউন সফটওয়্যার তৈরি করে ১৭ মার্চ, ২০২০ তারিখ থেকে ডিজিটাল ডিসপ্লেতে প্রদর্শন করা হচ্ছে। জেলা পর্যায়ে আইিসিটি বিভাগের ডিসপ্লে বোর্ডগুলোতে এ কাউন্টডাউন প্রচার করা হচ্ছে। | (০১) জনশুমারি ও গৃহগণনা, ২০২১ শুরু হওয়া পর্যন্ত এ কাউন্টডাউন সফটওয়্যারটি চালু রাখতে হবে।<br>(০২) জেলা পর্যায়ে আইসিটি বিভাগের ডিসপ্লে বোর্ডগুলোতে এ কাউন্টডাউন প্রচার অব্যাহত রাখতে হবে। | (১) মহাপরিচালক, বিবিএস (২) আহবায়ক/সদস্যসচিব, জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | "মুজিব শতবর্ষ " এর লোগো ব্যবহার | অতিরিক্ত সচিব (প্রশাসন) সভায় জানান যে, "মুজিব শতবর্ষ" এর লোগো ব্যবহারের নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করে লোগোটি দাপ্তরিক চিঠিপত্রসহ ব্যানার, ফেস্‌টুন, আমন্ত্রণপত্র ইত্যাদিতে ব্যবহার করা হচ্ছে। | (১) "মুজিব শতবর্ষ " এর লোগোর যথাযথ ব্যবহার অব্যাহত রাখতে হবে। | (১) অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন তথ্য ব্যবস্থাপনা) (২) মহাপরিচালক, বিবিএস |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | 'মুজিব বর্ষ' উদ্‌যাপন উপলক্ষ্যে নতুন কর্মসূচি প্রণয়ন | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন কমিটির সদস্য সচিব জনাব মোঃ রফিকুল ইসলাম, উপসচিব সভায় জানান যে, জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে এ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচি ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। 'মুজিববর্ষ' ব্যাপি উদ্‌যাপনের জন্য নতুন কর্মসূচি গ্রহণ করা যেতে পারে। সভাপতি 'মুজিববর্ষ' ব্যাপি উদ্‌যাপনের লক্ষ্যে জাতির পিতার জীবন ও কর্মের ওপর নতুন কর্মসূচি প্রণয়নের জন্য সভায় উপস্থিত সকলকে অনুরোধ করেন। তিনি আন্তর্জাতিক পরিসংখ্যান দিবস ও জাতীয় পরিসংখ্যান দিবসে প্রতিপালনযোগ্য জাতির পিতার জীবন ও কর্মভিত্তিক কিছু কর্মসূচি গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। | (১) 'মুজিববর্ষ' ব্যাপি উদ্‌যাপনের লক্ষ্যে জাতির পিতার জীবন ও কর্মের ওপর নতুন কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(২) আন্তর্জাতিক পরিসংখ্যান দিবস, ২০২০ ও জাতীয় পরিসংখ্যান দিবস, ২০২১ এ প্রতিপালনযোগ্য জাতির পিতার জীবন ও কর্মভিত্তিক কিছু কর্মসূচি গ্রহণ করতে হবে। | (১) আহবায়ক/সদস্যসচিব, জন্মশতবার্ষিকী বাস্তবায়ন কমিটি। |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মুহাম্মদ ইয়ামিন চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০০৫.৯৯.০৯৮.১৯.২১৮

তারিখ: ৯ আশ্বিন ১৪২৭
২৪ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) ড.কামাল আবদুল নাসের চৌধুরী, প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (৫ম তলা) ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
২) সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা (দৃ:আ: মোঃ ইসরাত হোসেন খান,যুগ্মসচিব, সমন্বয় শাখা)।
৩) অতিরিক্ত সচিব , তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৪) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৫) অতিরিক্ত-সচিব , উন্নয়ন অনুবিভাগ , পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
৬) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)
৭) যুগ্মসচিব ও সমপর্যায়ের কর্মকর্তা (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৮) মোহাম্মদ হুমায়ুন কবির, মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৯) উপসচিব ও সমপর্যায়ের কর্মকর্তা (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১০) একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
১১) প্রোগ্রামার, প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ



মোঃ রফিকুল ইসলাম
উপ সচিব